# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১১৭২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৭৩]

পর্ব-১২: তাত্ববীক্ব (রুকূ’তে দু' হাত হাঁটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ১০১: তাশাহহুদের অন্য প্রকার

## نَوْعٌ آخَرُ مِنَ التَّشَهُّدِ

---

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ أَبُو قُدَامَةَ السَّرْخَسِيُّ، قال: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، قال: حَدَّثَنَا هِشَامٌ، قال: حَدَّثَنِيقَتَادَةُ، عَنْ يُونُسَ بْنِ جُبَيْرٍ، عَنْ حِطَّانَ بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّ الْأَشْعَرِيّ قال: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَطَبَنَا فَعَلَّمَنَا سُنَّتَنَا وَبَيَّنَ لَنَا صَلَاتَنَا فَقَالَ: أَقِيمُوا صُفُوفَكُمْ، ثُمَّ لِيَؤُمَّكُمْ أَحَدُكُمْ فَإِذَا كَبَّرَ فَكَبِّرُوا وَإِذَا قَالَ وَلا الضَّالِّينَ سورة الفاتحة آية 7 فَقُولُوا آمِينَ يُجِبْكُمُ اللَّهُ وَإِذَا كَبَّرَ الْإِمَامُ وَرَكَعَ فَكَبِّرُوا وَارْكَعُوا فَإِنَّ الْإِمَامَ يَرْكَعُ قَبْلَكُمْ وَيَرْفَعُ قَبْلَكُمْ قَالَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: فَتِلْكَ بِتِلْكَ وَإِذَا قَالَ سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ فَقُولُوا رَبَّنَا لَكَ الْحَمْدُ يَسْمَعِ اللَّهُ لَكُمْ فَإِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ قَالَ عَلَى لِسَانِ نَبِيِّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ ثُمَّ إِذَا كَبَّرَ الْإِمَامُ وَسَجَدَ فَكَبِّرُوا وَاسْجُدُوا فَإِنَّ الْإِمَامَ يَسْجُدُ قَبْلَكُمْ وَيَرْفَعُ قَبْلَكُمْ قَالَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: فَتِلْكَ بِتِلْكَ فَإِذَا كَانَ عِنْدَ الْقَعْدَةِ فَلْيَكُنْ مِنْ أَوَّلِ قَوْلِ أَحَدِكُمْ أَنْ يَقُولَ التَّحِيَّاتُ الطَّيِّبَاتُ الصَّلَوَاتُ لِلَّهِ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٨٣١، ويأتي برقم: ١١٧٤ مختصراً، ١٢٨١ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1173 - صحيح

বাংলা

১১৭২.’উবায়দুল্লাহ ইবনু সাঈদ আবু কুদামাহ্ আস্ সারখাসী (রহ.) ..... হিত্তান ইবনু ’আবদুল্লাহ (রহ.) হতে বর্ণিত। আবু মূসা আল আশআরী (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (সা.) আমাদেরকে লক্ষ্য করে ভাষণ দিলেন, আমাদের সুন্নাত শিখালেন। আমাদের সালাতের ব্যাপারে বর্ণনা করলেন। তিনি বললেন, তোমরা তোমাদের কাতার ঠিক করবে। এরপর তোমাদের একজন ইমাম হবে। যখন সে তাকবীর বলবে, তখন তোমরাও তাকবীর বলবে। আর যখন সে “ওয়ালায যো-ল্লীন’ বলবে, তখন তোমরা “আ-মীন” বলবে। তাহলে আল্লাহ তা’আলা তোমাদের দু’আ কবুল করবেন। আর যখন ইমাম তাকবীর বলবে এবং রুকু করবে তখন তোমরাও তাকবীর বলে রুকূ করবে। কারণ ইমাম তোমাদের পূর্বে রুকূ’ করবে আর তোমাদের পূর্বে মাথা উঠাবে। আল্লাহর নবী (সা.) বলেছেন: এটা তার পরিবর্তে হয়ে যাবে। আর যখন ইমাম: “সামি আল্ল-হু লিমান হামিদাহ” বলবে, তখন তোমরা বলবে- “রব্বানা লাকাল হামদ”। কেননা, আল্লাহ তার নবী (সা.) -এর ভাষায় বলেছেন, আল্লাহ ঐ ব্যক্তির কথা শুনেন, যে তার প্রশংসা করে। এরপর যখন ইমাম তাকবীর বলে সিজদা করবে তখন তোমরাও তাকবীর বলে সিজদা করবে। কারণ, ইমাম তোমাদের পূর্বে সিজদা করবে আর তোমাদের পূর্বে মাথা উঠাবে। আল্লাহর নবী (সা.) বলেছেন: এটা তার পরিবর্তে। আর যখন বৈঠকে পৌছবে, তখন তোমরা সর্বপ্রথম বলবে- আত্তাহিয়্যাতু আত্ব ত্বইয়িবা-তু আস সালাওয়া-তু লিল্লা-হি আসসালা-মু আলায়কা আইয়ুহান নাবিয়ূ, ওয়া রহমাতুল্ল-হি ওয়া বারাকা-তুহ। আসসালা-মু আলায়না- ওয়া আলা- ’ইবা-দিল্লা-হিস স-লিহীন, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্ল-হু ওয়া আশহাদু আননা মুহাম্মাদান আবদুহু ওয়া রসূলুহ” (সকল প্রকার মৌখিক, দৈহিক ও আর্থিক ইবাদত আল্লাহর জন্য। হে নবী! আপনার ওপর আল্লাহর সালাম, রহমত ও বরকত বর্ষিত হোক। আমাদের এবং আল্লাহর নেক বান্দাদের ওপর সালাম বর্ষিত হোক। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত প্রকৃত কোন মা’বুদ নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয় মুহাম্মাদ (সা.) তাঁর বান্দা ও রসূল।)।

## English

101. Another Version Of The Tashahhud

It was narrated from Hittan bin 'Abdullah that Al-Ash'ari said: The Messenger of Allah (ﷺ) addressed us and taught us our Sunnahs and our prayer. He said: 'Make your rows straight, then let one of you lead the others. When he says the takbir, then say the takbir; when he says: Wa lad-dallin then say Amin and Allah (SWT) will answer you. When the Imam says the takbir and bows, then say the takbir and bow, for the Imam bows before you and stands up before you.' The Prophet of Allah (ﷺ) said: 'This makes up for that. When he says: 'Sami Allahu liman hamidah (Allah hears the one who praises Him), say: Rabbana wa lakal-hamd (Our Lord, to You be praise), Allah (SWT) will hear you, for indeed Allah, the Mighty and Sublime, has said on the tongue of His Prophet (ﷺ): Allah hears the one who praises Him. Then when the Imam says the takbir and prostrates, say the takbir and prostrate,

for the Imam prostrates before you and rises before you.' The Prophet of Allah (ﷺ) said: 'This makes up for that. Then when you are sitting, let the first thing that any one of you says be: At-tahiyyatu lillahi was-salawatu wat-tayyibat, as-salamu 'alaika ayyuhan-Nabiyyu wa rahmatAllahi wa baraktuhu. As-salamu 'alaina wa 'ala 'ibad illahis-salihin, ashahdu an la illaha ill-Allah wa ashhadu anna Muhammadan 'abduhu wa rasuluhu (Allah compliments, prayers and pure words are due to Allah. Peace be upon you, O Prophet, and the mercy of Allah (SWT) and his blessings. Peace be upon us and upon the righteous slaves of Allah (SWT). I bear witness that none has the right to be worshipped except Allah and I bear witness that Muhammad is His slave and Messenger).

## ফুটনোট

সহীহ: মুসলিম ৪০৪, আবু দাউদ ৯৭২, ইবনু মাজাহ ৯০১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ হিত্তান ইবনে আবদুল্লাহ আর-রাকাশী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87546

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন